

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১২.২২.০০১.২১.৩ ৫৭

তারিখ: নভেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ
কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ


বিষয়: ২০২০-২০২১ অর্থবছরে 'নদীভাঙ্গন কবলিত এলাকার অতিদরিদ্র/দুঃস্থ জনসাধারণের জন্য প্রধানমন্ত্রীর পুনর্বাসন সহায়তা' কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে বরাদ্দকৃত অর্থ বিতরণের প্রতিবেদন প্রেরণ।

সূত্র: (১) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ১৯-০৫-২০২২ খ্রিস্টাব্দের ৫১.০০.০০০০.৪২১.১৪.০২৬. ১৯.২৪৫নং স্মারক।
(২) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ০২-০৬-২০২২ খ্রি. তারিখের ৫১.০১.০০০০.০১২.২২.০০১.২১.১৭০নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক ২০২১-২০২২ অর্থ বছরে 'নদীভাঙ্গন কবলিত এলাকার অতিদরিদ্র/দুঃস্থ জনসাধারণের জন্য প্রধানমন্ত্রীর পুনর্বাসন সহায়তা' কার্যক্রম এর আওতায় অধিদপ্তরের গত ১০/১০/২০২১ খ্রিস্টাব্দ তারিখের ৫১.০১.০০০০.০১২.২২.০০১.২১-৩৫৮নং স্মারকে বরাদ্দ প্রদান করা হয়।

২। পরবর্তীতে বিতরণ প্রতিবেদন দাখিলের জন্য ০৮/০৩/২০২২ খ্রিস্টাব্দ তারিখে অত্রাফিসের স্মারক নং ৫১.০১.০০০০. ০১২.২২.০০১.২১-৬৪নং স্মারকে পত্র দেয়া হয়। ইতোমধ্যে অত্র কার্যালয়ের ২২ মে, ২০২২ তারিখের ৫১.০১.০০০০.০১২.২২. ০০১.২১.১৬১নং স্মারক পত্রানুযায়ী ০৩টি ক্যাটাগরীর মধ্যে অর্থ বিতরণ সংক্রান্ত মন্ত্রণালয়ের নির্দেশনা প্রেরণ করা হয়। উপজেলার জন্য বরাদ্দকৃত অর্থ নীতিমালা অনুযায়ী বিতরণ শেষে গত ২০/০৬/২০২২ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রোক্ত ২নং স্মারকে পত্র দেয়া হয়। অদ্যাবধি প্রতিবেদন পাওয়া যায়নি।

৩। এমতাবস্থায়, আপনার উপজেলার জন্য বরাদ্দকৃত অর্থ বিতরণের প্রতিবেদন আগামী ১৪/১১/২০২২ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ নূরুজ্জামান)

উপ-পরিচালক (কাবিখা-২)

☎ ২২২২৮৬৩২৬

Email: ddmreport@gmail.com

(১) উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট সকল)

.....

(২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল)

.....

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
- ২। জেলা প্রশাসক,(সংশ্লিষ্ট সকল)।
- ৩। পরিচালক (কাবিখা/মুওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,জেলা.....(সংশ্লিষ্ট সকল)।
- ৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা,(সংশ্লিষ্ট সকল)।
- ৬। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।